# বাংলাদেশ অলিম্পিক এসোসিয়েশনের কার্যনির্বাহী কমিটির নির্বাচন বিধিমালা-২০২১

## মুখবন্ধ

আন্তর্জাতিক অলিম্পিক কমিটি/ওসিএ কর্তৃক অনুমোদিত বাংলাদেশ অলিম্পিক এসোসিয়েশন(বিওএ)এর গঠণতন্ত্র মোতাবেক বিওএ কর্তৃক প্রদত্ত ক্ষমতাবলে নির্বাচন কমিশন কর্তৃক বিওএ'র নির্বাচন বিধিমালা-২০২১ নিম্নলিখিতভাবে জারী করা হলো।

## বিধি-১

**ভোটার তালিকা** : বাংলাদেশ অলিম্পিক এসোসিয়েশন কর্তৃক "ইলেকটোরাল কলেজ" অনুযায়ী কাউন্সিলর (ভোটার) তালিকা নির্বাচন কমিশনে প্রেরণ করবেন।

## বিধি-২

বিওএ'র নির্বাচন পরিচালনার জন্য গঠিত নির্বাচন কমিশন এতদসংক্রান্ত প্রজ্ঞাপন জারীর ১ (এক) মাসের মধ্যে নির্বাচন সম্পন্ন করবেন। নির্বাচন পরিচালনার জন্য তফসিল প্রকাশ করবেন ও তফসিল অনুযায়ী পরবর্তী কার্যক্রম গ্রহণ করবেন।

## বিধি-৩

বিওএ'র কার্যালয়ে (অস্থায়ী নির্বাচন কমিশন অফিসে) ভোট কেন্দ্র স্থাপন করা হবে।

## বিধি-৪

রিটার্নিং অফিসার/সহকারি রিটার্নিং অফিসার নির্বাচন সংক্রান্ত নিম্নলিখিত ধাপসমূহ অনুসরণ করবেন এবং প্রয়োজনীয় প্রজ্ঞাপন জারী করবেনঃ

(১) মনোনয়ন পত্র গ্রহণ।
(২) মনোনয়ন পত্র বাছাই।
(৩) প্রার্থীর নামের তালিকা প্রকাশ।
(৪) মনোনয়ন পত্র প্রত্যাহার।
(৫) প্রার্থীর নামের চূড়ান্ত তালিকা প্রকাশ।
(৬) ভোট গ্রহণ অনুষ্ঠান।
(৭) ভোট গণনা।
(৮) প্রাথমিক ফলাফল ঘোষণা।
(৯) নির্বাচন কমিশনের নিকট ফলাফল দাখিল।

## বিধি-৫

সাধারণ পরিষদের (ইলেকটোরাল কলেজ) যে কোন সদস্য (কাউন্সিলর) গঠনতন্ত্রের ধারা-১৫ মোতাবেক বিওএ'র নির্বাচনে যে কোন একটি পদে অংশগ্রহণ করতে পারবেন, যদিঃ-

(১) তিনি কোন ফৌজদারী অপরাধে দন্ডিত না হন কিংবা প্রচলিত কোন আইনের নিষেধাজ্ঞাধীন না হন।

(২) উপযুক্ত কর্তৃপক্ষ কর্তৃক মানসিকভাবে বিকারগ্রস্থ ঘোষিত না হন।

## বিধি-৬

**মনোনয়নপত্র দাখিল ও বাছাই :** প্রার্থী নিজে অথবা তাঁর দ্বারা লিখিত ক্ষমতাপ্রাপ্ত ব্যক্তি মনোনয়নপত্র দাখিল করতে পারবেন। প্রার্থী অথবা তার মনোনীত প্রতিনিধির সম্মুখে রিটার্নিং অফিসার/সহকারি রিটার্নিং অফিসার মনোনয়নপত্র বাছাই করবেন এবং নিম্নবর্ণিত কারণসমূহের আওতায় পড়লে মনোনয়নপত্র বাতিল বলে ঘোষণা করবেনঃ

(১) যদি তিনি ৫ নম্বর অনুচ্ছেদে বর্ণিত মতে যোগ্যতার অধিকারী না হন।

(২) যদি তার প্রস্তাবকারী এবং সমর্থনকারী ৫ নম্বর অনুচ্ছেদ অনুযায়ী যোগ্যতার অধিকারী না হন।

(৩) যদি প্রার্থীর নিজের এবং প্রার্থীর প্রস্তাবক ও সমর্থনকারীর নাম, ভোটার নম্বর সঠিক ও স্পষ্ট না হয়।

(৪) একজন প্রার্থী যদি একাধিক পদে প্রার্থী হন।

## বিধি-৭

**মনোনয়নপত্র বাতিলের বিরুদ্ধে আপীল:** রিটার্নিং অফিসার/সহকারি রিটার্নিং অফিসার কর্তৃক কোন প্রার্থীর মনোনয়নপত্র বাতিল হলে, তিনি নির্বাচন কমিশনের নিকট ২৪ (চব্বিশ) ঘন্টার মধ্যে আপিল করতে পারবেন। নির্বাচন কমিশন একদিনের মধ্যে আপিল নিষ্পত্তি করবে এবং সিদ্ধান্ত প্রদান করবে।

## বিধি-৮

**মনোনয়নপত্র প্রত্যাহার:** প্রার্থী ব্যক্তিগতভাবে স্বশরীরে উপস্থিত হয়ে রিটার্নিং অফিসারের নিকট নির্ধারিত তারিখে মনোনয়নপত্র প্রত্যাহার সংক্রান্ত আবেদন করবেন।

## বিধি-৯

নির্বাচন:

(১) কোন পদে একাধিক প্রার্থী থাকলে নির্বাচন কমিশন গোপন ব্যালটের মাধ্যমে নির্বাচনের ব্যবস্থা করবে।

(২) নির্বাচন কমিশন স্বচ্ছ ব্যালট বাক্সের ব্যবস্থা করবে। ভোট গ্রহণের পূর্বে প্রিজাইডিং অফিসার ব্যালট বাক্সগুলো সম্পূর্ণ খালি বলে নিশ্চিত হবেন। উপস্থিত প্রার্থী/তাঁদের এজেন্টগণকে (যদি থাকে) খালি বাক্স পরিদর্শন করে বন্ধ ও সীল করবেন।

(৩) নির্বাচন কমিশন সম্পূর্ণ গোপনীয়তা ও নিরাপত্তা নিশ্চিত করে ব্যালট পেপার প্রস্তুত করবে।

## বিধি-১০

**ভোট মূলতবী:**

(১) কোন প্রকার গোলযোগের কারণে ভোট গ্রহণ বিঘ্নিত হলে অথবা কোন অবস্থাতেই ভোট গ্রহণ সম্ভব নয় অনুমিত হলে প্রিজাইডিং অফিসার তৎক্ষণাৎ রিটার্নিং অফিসারের মতামত গ্রহণ করে এ বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা নেবেন।

(২) রিটার্নিং অফিসার এরুপ অবস্থার সম্মুখীন হলে তৎক্ষণাৎ নির্বাচন কমিশনারকে অবহিত করে তার (নির্বাচন কমিশনার) লিখিত নির্দেশ মতে প্রিজাইডিং অফিসারকে নির্দেশ প্রদান করবেন। এক্ষেত্রে নির্বাচন কমিশনের সিদ্ধান্ত চূড়ান্ত বলে গণ্য হবে।

## বিধি-১১

কোন ভোটদাতা ভোট কেন্দ্রে উপস্থিত হলে প্রিজাইডিং অফিসার তাঁর পরিচিতি সম্পর্কে নিশ্চিত হয়ে ভোট প্রদান করতে দিবেন। ভোটদাতা প্রয়োজনীয় পরিচয় বহনকারী পরিচিতি পত্র (সত্যায়িত ছবিসহ) সঙ্গে নিয়ে আসবেন।

## বিধি-১২

নির্ধারিত সময়ের মধ্যে কোন কাউন্সিলর ভোট গ্রহণ কেন্দ্রে প্রবেশ করলে তাকে ভোট প্রদান করতে দেওয়া হবে। নির্ধারিত সময়ের পর কেউ ভোট কেন্দ্রে প্রবেশ করতে পারবে না।

## বিধি-১৩

ভোট গ্রহণ সমাপ্ত হলে প্রিজাইডিং অফিসার ব্যালট বাক্স সীল করা হয়েছে কিনা সে ব্যাপারে নিশ্চিত হবেন। অতঃপর ব্যালট বাক্স উপস্থিত প্রার্থী/এজেন্টদের সম্মুখে খুলে সমুদয় ব্যালট গণনা করবেন এবং নির্বাচিতদের নাম লিপিবদ্ধ করবেন এবং রিটার্নিং অফিসার/সহকারি রিটার্নিং অফিসারের নিকট জমা দেবেন।

## বিধি-১৪

প্রিজাইডিং অফিসার প্রাথমিকভাবে নির্বাচনের ফলাফল স্বীয় স্বাক্ষরসহ ভোট কেন্দ্রে ঘোষণা করবেন এবং নির্বাচন কমিশনারের নিকট জমা দেবেন। নির্বাচন কমিশনার চূড়ান্ত ফলাফল ঘোষণা করবেন।

## বিধি-১৫

রিটার্নিং অফিসার নির্বাচন সংক্রান্ত সকল দলিলপত্র সংরক্ষণ করার জন্য নির্বাচন কমিশনারের নিকট বুঝিয়ে দেবেন।

## বিধি-১৬

কোন পদে একাধিক প্রার্থীর প্রাপ্ত বৈধ ভোট সংখ্যা সমান হলে প্রিজাইডিং অফিসার লটারীর মাধ্যমে উপস্থিত প্রতিনিধিদের সম্মুখে বিজয়ী প্রার্থী নির্বাচন করে ফলাফল নির্ধারন করবেন।

## বিধি-১৬

**নির্বাচন সংক্রান্ত অভিযোগ:** নির্বাচনী ফলাফল সংক্রান্ত কোন অভিযোগ থাকলে নির্বাচনী ফলাফল প্রকাশের ০৩ (তিন) দিনের মধ্যে নির্বাচন কমিশনের নিকট উপযুক্ত প্রমানাদিসহ লিখিতভাবে 'নির্বাচন সংক্রান্ত অভিযোগ" পেশ করা যাবে। নির্বাচন কমিশনার ০৩ (তিন) দিনের মধ্যে শুনানী গ্রহণ করে শুনানী গ্রহণের ০২ (দুই) দিনের মধ্যে সিদ্ধান্ত ঘোষণা করবেন। তার সিদ্ধান্তই চূড়ান্ত বলে বিবেচিত হবে।

## বিধি-১৭

উল্লিখিত ধারাসমূহে কোন অপূর্ণাঙ্গতা ও অস্পষ্টতা পরিলক্ষিত হলে নির্বাচন কমিশন সে বিষয়ে চূড়ান্ত সিদ্ধান্ত প্রদান করবে।

**এ কে এম মাজহারুল হক**
এএফডব্লিউসি,পিএসসি,এলএসসি,এমফিল
ব্রিগেডিয়ার জেনারেল
মহাপরিচালক, বিকেএসপি
এবং
প্রধান নির্বাচন কমিশনার
বাংলাদেশ অলিম্পিক এসোসিয়েশন
E-mail : bksp1983@yahoo.com
dg@bksp.gov.bd